



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ (মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি)-এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

শিল্প ও শক্তি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমনিকা (Preamble)

সেকশন-১: শিল্প ও শক্তি বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission),  
কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন-২: শিল্প ও শক্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব  
(Outcome/Impact)

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং  
লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

**শিল্প ও শক্তি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
(Overview of the Performances of the Industry and Energy Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :**

**১. সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের ৫টি উইং যথা: (ক)শিল্প ও সমন্বয় উইং (খ)বিদ্যুৎ উইং (গ) তৈল,গ্যাস ওপ্রাকৃতিক সম্পদ উইং(ঘ) পাট, বস্ত্র ও বেপজা উইং এবং (ঙ) ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং এর আওতায় সাম্প্রতিক ০৩ বছরে ১৯৭ টি পিইসি সভা অনুষ্ঠিত হয় এবং ১৬৭ টি প্রকল্প অনুমোদিত হয়। উইংভিত্তিক পিইসি সভা অনুষ্ঠান, অনুমোদিত প্রকল্প সংখ্যা এবং প্রকল্প কার্যক্রমের অর্জিত উল্লেখযোগ্য সাফল্য নিম্নরূপ:

**শিল্প ও সমন্বয় উইং**

পিইসি সভা অনুষ্ঠিত: ৩৫ টি এবং মোট অনুমোদিত প্রকল্প: ৩১ টি

- ক্ষুদ্র ও কুটির শিল্প উপ-খাতের আওতায় ৬১টি জেলায় ৭৪টি শিল্প নগরী স্থাপিত হয়েছে। কৃষিভিত্তিক শিল্পের জন্য ১৬টি শিল্পনগরী ও রপ্তানীর মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য ৯টি শিল্পনগরী স্থাপিত হবে। এছাড়া শিল্পোদ্যোক্তাদেরকে প্রশিক্ষণের মাধ্যমে শিল্প কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ, আল্প-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গ্রামীণ দুঃস্থ মহিলাদের মধ্যে ঋণ বিতরণ, নতুন পণ্য সামগ্রী উৎপাদন ও পণ্য সামগ্রীর গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকায় নৈপুণ্য বিকাশ কেন্দ্র (Skill Development Center) স্থাপনের পদক্ষেপ নেয়া হয়েছে।
- বিসিআইসি'র ১৩টি শিল্প প্রতিষ্ঠানের মাধ্যমে ইউরিয়া, টিএসপি ও ডিএপি সারসহ কাগজ, সিমেন্ট, ইনসুলেটর, স্যানিটারী ওয়্যার, গ্লাসশীট ও হার্ডবোর্ড উৎপাদন করা হয়। কৃষি উৎপাদনে সার সরবরাহ নির্বিঘ্ন করার লক্ষ্যে শাহজালাল ফার্টিলাইজার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া সার সংরক্ষণ ও বিতরণের জন্য বিভিন্ন জেলায় নতুন ১৩টি বাফার গোডাউন নির্মাণের এবং উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ডাই প্রসেস এ রূপান্তরকরণের মাধ্যমে ছাতক সিমেন্ট কারখানার উৎপাদন ক্ষমতা দৈনিক গড়ে ৫০০ মে. টন হতে ১৫০০ মে. টনে উন্নীতকরণের কার্যক্রম নেয়া হয়েছে;
- চিনির ক্রমবর্ধমান চাহিদা পূরণে অতিরিক্ত চিনি উৎপাদনের জন্য বিএমআরই অব কেবু এন্ড কোং বিডি লি., ঠাকুরগাঁও চিনিকলে পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপনপূর্বক নতুন যন্ত্রপাতি সংযোজন, এবং নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন সংক্রান্ত প্রকল্পের কাজ চলছে। বর্তমানে বিএমআর, বিট সুগার প্ল্যান্ট, সুগার রিফাইনারী, কো-জেনারেশন, ডিস্টিলারী, বায়োগ্যাস প্ল্যান্ট এবং বায়োকম্পোস্ট প্ল্যান্ট স্থাপনসহ সমন্বিতভাবে উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। প্রকল্পগুলো বাস্তবায়িত হলে প্রতিবছর অতিরিক্ত প্রায় ৮১ হাজার মেট্রিক টন চিনি উৎপাদন করা যাবে। একইসাথে বিদ্যুৎ, এ্যালকোহল, বায়োগ্যাস এবং বায়োকম্পোস্ট উৎপাদনের মাধ্যমে মিলগুলো লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হবে।

**বিদ্যুৎ উইং**

পিইসি সভা অনুষ্ঠিত: ৮৫ টি এবং মোট অনুমোদিত প্রকল্প: ৭০ টি

**বিদ্যুৎ উৎপাদন :**

- জাতীয় ৮২০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট, আশুগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট ৩, ৪ ও ৫ এর পুনর্বাসন ও আধুনিকায়ন এবং সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ, চাঁদপুর ১৫০ মেঃওঃ, শাহজীবাজার ৩০০ মেঃওঃ, শিকলবাহা ২২৫ মেঃওঃ, ভোলা ২২৫ মেঃওঃ, ভেড়ামারা ৩৬০ মেঃওঃ, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ, আশুগঞ্জ (নর্থ) ৪৫০ মেঃওঃ,সিলেট ১৫০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ ও সঞ্চালন ব্যবস্থা;
- Conversion of Sylhet Gas Turbine Power Plant from 150MW to 225 MW and Conversion of Baghabari Gas Turbine Power Plant from 100 MW To 150 MW Combined Cycle Power Plant;
- ২০১৫ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ৫% নবায়নযোগ্য জ্বালানী হতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ৮০০ মেঃওঃ (৫০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ, ২০০ মেঃওঃ বায়ু শক্তি ও ১০০ মেঃওঃ বায়ো গ্যাস) বিদ্যুৎ নবায়নযোগ্য জ্বালানী হতে উৎপাদনের জন্য প্রকল্প নেয়া হয়েছে। কক্সবাজারের মহেশখালী চ্যানেলের মাতারবাড়ী এলাকায় ২X৬০০ মেগাওয়াট কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ চলছে।



### বিদ্যুৎ সঞ্চালন :

- ৪০০ কেভি বাংলাদেশ (ভেড়ামারা)-ভারত (বহরমপুর) গ্রিড আন্তঃসংযোগ (দৈনিক ৫০০ মেঃওঃ), ৪০০ কেভি বিবিয়ানা-কালিয়াকৈর, ২৩০ কেভি ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা, ২৩০ কেভি বিবিয়ানা-কুমিল্লা (উত্তর), ২৩০ কেভি সিদ্ধিরগঞ্জ-মানিকগঞ্জ, ২৩০ কেভি ঈশ্বরদী-বাঘাবাড়ী-সিরাজগঞ্জ-বগুড়া সঞ্চালন লাইন এবং ১৩২ কেভি গ্রিড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ইষ্টার্ন রিজিওন। এছাড়া পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) কর্তৃক নতুন সঞ্চালন লাইন স্থাপনের লক্ষ্যে ২০১৫-১৬ এর এডিপি'তে মোট ০৯টি প্রকল্প নেয়া হয়েছে।

### বিদ্যুৎ বিতরণ :

- স্ট্রেনদেনিং ডেসকো'স ইলেকট্রিক ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক, বাংলাদেশ সেন্ট্রাল জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন প্রজেক্ট (বৃহত্তর ময়মনসিংহ ও সিলেট জেলা), পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ (ঢাকা, চট্টগ্রাম, সিলেট ও খুলনা বিভাগীয় কার্যক্রম), Rehabilitation & Augmentation of Distribution Network of DPDC, 1.8 Million Consumers Connect Through Rural Electrification Expansion ও Rural Electrification Up-gradation Project (Rajshahi, Rangpur, Khulna & Barisal Division)।

### তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ উইং

পিইসি সভা অনুষ্ঠিত: ৪০ টি এবং মোট অনুমোদিত প্রকল্প: ৩৬ টি

#### প্রাকৃতিক গ্যাস উৎপাদন ও সরবরাহ

- পুরাতন বন্ধকূপ ওয়ার্কওভার (সংস্কার), নতুন অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন কর্মসূচী দ্রুত বাস্তবায়নের ফলে গ্যাস উৎপাদন দৈনিক গড়ে ১৩৬৩ মিলিয়ন ঘনফুট (প্রকৃত পরিমাণ ৯৫৬ মিলিয়ন ঘনফুট) বৃদ্ধি পেয়েছে। মোট ৯৮টি কূপ থেকে দৈনিক উৎপাদন ২৭০০ মিলিয়ন ঘনফুটে দাড়িয়েছে;
- আবিষ্কৃত গ্যাস স্ট্রাকচার সুনির্দিষ্টকরণ ও নতুন গ্যাস স্ট্রাকচার চিহ্নিতকরণের লক্ষ্যে ৩৮৩০ বর্গ কিঃমি (বাপেক্স-৩৫১৪, আইওসি-৩১৬) এলাকায় থ্রিডি সাইসমিক সার্ভে পরিচালনা করা হয়েছে;
- ৬টি নতুন গ্যাস স্ট্রাকচার (সুনেত্র, মদন, খালিয়াজুরি, রূপগঞ্জ, বাজিতপুর ও শরীয়তপুর) আবিষ্কার, ৭টি অনুসন্ধান ও ৩৫টি উন্নয়ন কূপ খনন এবং ১৮টি কূপের ওয়ার্কওভার করা হয়েছে;
- হবিগঞ্জের মুচাই ও ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ এবং টাঙ্গাইলের এলেঞ্জাতে গ্যাস কম্প্রসর স্টেশন স্থাপন করা হয়েছে। এর ফলে অতিরিক্ত গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা যাচ্ছে;
- 'সাপ্রাই ইফিসিয়েন্সি ইমপ্রুভমেন্ট অব তিতাস গ্যাস' প্রকল্পের আওতায় ৮৪৭২ টি প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে।
- গৃহস্থালী গ্যাস সংযোগে প্রি-পেইড মিটার স্থাপনে জাইকা'র সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে এবং চুক্তির অধীনে ২,৬০,০০০ টি প্রি-পেইড মিটার স্থাপনের জন্য দুটি প্রকল্প গ্রহণ করা হয়েছে;
- বাপেক্সের কারিগরি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গভীর কূপ খননের ক্ষমতাসম্পন্ন ৩টি রিগ ক্রয় করা হয়েছে;
- বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, সারকারখানা, শিল্প ও বাণিজ্যিক এবং আবাসিক খাতে বর্তমানে প্রায় ৩০ লক্ষ গ্রাহকের নিকট গ্যাস সরবরাহ করা হচ্ছে।
- জ্বালানীর বর্ধিত চাহিদা দ্রুত পূরণের লক্ষ্যে প্রেট্রোবাংলার আওতায় পিপিপি ভিত্তিতে 'এলএনজি টার্মিনাল' নির্মাণ সংশ্লিষ্ট এ সেক্টরের একটি প্রকল্পকে Fast Track প্রকল্পের আওতায় আনা হয়েছে। ইতোমধ্যে এলএনজি আমদানীর লক্ষ্যে কাতারের সাথে MoU স্বাক্ষরিত হয়েছে। Floating Re-gasification Unit (FSRU), Receiving Terminal নির্মাণ প্রক্রিয়াধীন রয়েছে। Receiving Terminal এর লিংক প্রকল্প হিসেবে মহেশখালী থেকে আনোয়ারা পর্যন্ত ৯১ কিঃমিঃ সঞ্চালন গ্যাস পাইপ লাইন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে।
- দেশের একমাত্র গ্যাস অনুসন্ধান ও উৎপাদনকারী কোম্পানী বাপেক্স এর কারিগরি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে গভীর কূপ খননের ক্ষমতা সম্পন্ন ৩টি রিগ ক্রয় কজরা হয়েছে;
- মোবারকপুরে ১টি অনুসন্ধান ও সালাদাতে ১টি উন্নয়ন কূপ এবং তিতাস ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-২৩, ২৪, ২৫ ও ২৬) খননের কার্যক্রম চলমান আছে। বিজিএফসিএল এর ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-১৯, ২০, ২১ ও ২২) এসজিএফএল এর ১টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (রশিদপুর-৮) খনন সম্পন্ন হয়েছে;
- গ্যাস সরবরাহের বিদ্যমান প্রায় ৫০০ এমএমসিএফডি গ্যাস ঘাটতি মোকাবেলায় ২০১৭ সালের মধ্যে ৫০০ এমএসিএফডি এলএনজি আমদানির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



### পেট্রোলিয়াম পণ্য

- দেশে বছরে প্রায় ৫৫ লক্ষ মেট্রিক টন জ্বালানী তেলের চাহিদা মূলত: আমদানির মাধ্যমে মেটানো হচ্ছে;
- পেট্রোবাংলার আওতাধীন গ্যাস উৎপাদন কোম্পানী ও বিভিন্ন গ্যাসক্ষেত্রে ২০১৪-১৫ অর্থ-বছরে মোট ২৮,৮৩,২১৫ ব্যারেল গ্যাস কনডেনসেট উৎপাদিত হয়েছে। তন্মধ্যে ১৩,১৯,৬৪৩ ব্যারেল বিপিসি ও বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট কনডেনসেট পেট্রোবাংলার গ্যাস উৎপাদন কোম্পানীসমূহে বিদ্যমান ফ্রাকশনেশন প্ল্যান্টে প্রক্রিয়া করে মোট ৮,৯৭,৮৬৬ ব্যারেল পেট্রোল, ৫,৪৩,১৫৩ ব্যারেল ডিজেল এবং ১,৮৪,৪৭৭ ব্যারেল কেরোসিন উৎপাদন করা হয়েছে। উৎপাদিত পণ্য বিপিসি'র বিভিন্ন কোম্পানীর কাছে বিক্রয় করা হচ্ছে। উৎপাদিত পেট্রোল দেশের চাহিদা পূরণে সমর্থ হচ্ছে।
- মংলায় ১.০০ লক্ষ মেঃটন উৎপাদন ক্ষমতার এলপিগিজি বটলিং প্ল্যান্ট বাস্তবায়নের কাজ চলছে, যা বাস্তবায়িত হলে এলপিগিজির সিলিন্ডার সহজলভ্য হবে।
- বিদেশ থেকে আমদানিকৃত অপরিশোধিত জ্বালানী তেল (Crude Oil) ও ডিজেল বঙ্গোপসাগরের গভীর সমুদ্রে অবস্থানরত মাদার ভেসেল থেকে সরাসরি ইস্টার্ন রিফাইনারিতে সরবরাহ গ্রহণের জন্য ৪৯৩৫.৯৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে 'Single Point Mooring (SPM) with double line' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে গভীর সমুদ্রে অপেক্ষামান জ্বালানী তেল পরিবহনকারী বৃহদাকার জাহাজ থেকে জ্বালানী তেল ফিডার ভেসেলের পরিবর্তে সরাসরি কোম্পানীর ষ্টোরেজ ট্যাংকে পরিবাহিত হবে। এতে ক্রুড অয়েলের জাহাজ ১১ দিনের পরিবর্তে ২ দিনে খালাস করা সম্ভব হবে। ফলে সময় ও অর্থ দুটোই সাশ্রয় হবে।

### কয়লা ও গ্রানাইট উত্তোলন

- বড়পুকুরিয়া কয়লা খনি থেকে গড়ে দৈনিক প্রায় ৪,৫০০ মে. টন উন্নতমানের বিটুমিনাস কয়লা উত্তোলন করা হচ্ছে। উত্তোলিত কয়লার অধিকাংশ বড়পুকুরিয়া ২৫০ মেগাওয়াট তাপ বিদ্যুৎ কেন্দ্রে এবং অবশিষ্ট কয়লা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে;
- মধ্যপাড়া গ্রানাইট খনি হতে গড়ে দৈনিক প্রায় ৪,৫০০ মে. টন গ্রানাইট পাথর উত্তোলন করা হচ্ছে।

### পাট, বস্ত্র ও বেপজা উইং

পিইসি সভা অনুষ্ঠিত: ১৯ টি এবং মোট অনুমোদিত প্রকল্প: ১৮ টি।

- রেডিমেড গার্মেন্টস শিল্পের উল্লেখযোগ্য পরিমাণ বস্ত্র হস্তচালিত তীতশিল্প থেকে যোগান দেয়া হচ্ছে। বাংলাদেশ তীত বোর্ড বিভিন্ন তীত অধ্যুষিত অঞ্চলে তীতীদের বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা যেমন সূতা ও কাপড় রংকরণ, মার্সারাইজিং, ক্যালেন্ডারিং, স্টেন্টারিং ইত্যাদি প্রদানের লক্ষ্যে ৩টি হ্যান্ডলুম সার্ভিস সেন্টার যথা: ১) কালিহাতি, টাংগাইল, ২) কুমারখালী, কুষ্টিয়া এবং ৩) শাহাজাদপুর, সিরাজগঞ্জ স্থাপন করেছে;
- নরসিংদীস্থ মাধবদিতে বিদ্যমান বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্রটির বিএমআরই সম্পন্নপূর্বক কেন্দ্রটির আধুনিকীকরণ ও কর্মদক্ষতা বৃদ্ধি করা হয়েছে এবং স্বল্পমূল্যে তীতীদেরকে বয়নোত্তর বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে;
- “রেশম শিল্প সম্প্রসারণের জন্য সমন্বিত পরিকল্পনা” বাস্তবায়নের মাধ্যমে রেশম চাষ সম্প্রসারণ, বিভিন্ন স্থানে রেশম পল্লী স্থাপন, রেশম চাষীদের প্রশিক্ষণ প্রদান, রেশম বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান, স্থানীয়ভাবে উৎপাদিত রেশম সামগ্রী দেশে ও আন্তর্জাতিক বাজারে বাজারজাতকরণে সহায়তা প্রদান, রেশম গবেষণা ও অবকাঠামোগত উন্নয়ন ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এছাড়া রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহের দারিদ্র বিমোচনের কার্যক্রম নেয়া হয়েছে;
- বস্ত্র শিল্পের বিভিন্ন সাব-সেক্টরে মধ্যম পর্যায়ের দক্ষ জনশক্তি তৈরীকরণ, দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়ন, বেকার যুবশক্তিকে আত্মনির্ভর করে তোলা, বস্ত্র শিল্পের বিভিন্ন পণ্যের মানসম্মত ও কস্ট ইফেক্টিভিকরণ।
- টেকসই উন্নয়ন এবং অর্থনৈতিক অঞ্চলের মধ্যে বহুমাত্রিক পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে চট্টগ্রামে 'আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চলের ভূমি অধিগ্রহণ (চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চল)' প্রকল্পটি অনুমোদিত হয়েছে।
- দেশে দ্রুত অর্থনৈতিক উন্নয়ন তথা শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন এবং রপ্তানী বৃদ্ধি ও বহুমুখীকরণে উৎসাহ প্রদানের জন্য পশ্চাদপদ ও অনগ্রসর এলাকাসহ সমগ্র দেশের উপযোগী স্থানসমূহে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার অংশ হিসাবে “জামালপুর অর্থনৈতিক অঞ্চল” শীর্ষক প্রকল্প অনুমোদিত হয়েছে।

- বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকাসমূহের সামাজিক/শ্রম ও পরিবেশ ব্যবস্থাপনাসহ রপ্তানী প্রক্রিয়াকরণ জোনসমূহের কার্যক্রম Automation এর আওতায় আনার জন্য Hardware, Software ক্রয় ও বিশেষজ্ঞ সেবা গ্রহণ, কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন এবং বিনিয়োগ উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) কে প্রাতিষ্ঠানিকভাবে সুদক্ষ করার লক্ষ্যে “ক্যাপাসিটি বিল্ডিং অব বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস অথরিটি (৩য় সংশোধিত)” শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পটি অনুমোদন করা হয়েছে।
- অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকাণ্ডের কাঠামো নির্ধারণ ও সামগ্রিক অর্থনীতিতে এর অবদান নিরূপণ, আইটি ইকুইপমেন্ট সরবরাহের মাধ্যমে বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহকে শক্তিশালীকরণ, পাইলট স্ট্যাটিসটিক্যাল বিজনেস রেজিস্টার প্রস্তুতকরণ এবং প্রবাস আয়ের বিনিয়োগ সম্পর্কিত জরিপ পরিচালনার লক্ষ্যে “অর্থনৈতিক শুমারি ২০১৩ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি অনুমোদন করা হয়েছে।

### ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং

পিইসি সভা অনুষ্ঠিত: ১৮ টি এবং মোট অনুমোদিত প্রকল্প: ১২ টি।

- বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এ্যান্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)-কে আধুনিকায়ন ও শক্তিশালী করা হয়েছে। এজন্য এসব অফিসে ৬টি যানবাহন, ৭৭টি অফিস যন্ত্রপাতি ও ৪৯৫টি আসবাবপত্র ক্রয়/সংগ্রহ/স্থাপন করা হয়েছে। এছাড়া বিএসটিআইকে আরও আধুনিকায়নের লক্ষ্যে ০৫টি জেলায় নতুন অফিস ও ল্যাবরেটরী যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। পণ্যদ্রব্যের মান টেস্টিংয়ের জন্য কেন্দ্রীয় জেলা পর্যায়ের বিএসটিআই ল্যাবরেটরীসমূহে ৩১৬টি আধুনিক যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে;
- বাংলাদেশ শিল্প কারিগরী সহায়তা কেন্দ্রের (বিটাক) মাধ্যমে শিল্প সংক্রান্ত ১৫,৮১৫ জন দরিদ্র মহিলা ও পুরুষকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং আরো ৭৫৬০ জনকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হচ্ছে। প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে ৫৩৭৮ জন সরাসরি চাকুরীতে যোগদান করেছে এবং ১০ জন উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। বিটাকের আধুনিকায়নের জন্য উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি এবং প্রায় ১৪০০ আসবাবপত্রক্রয় করা হচ্ছে;
- বাংলাদেশের গার্মেন্টস শিল্প খাতে ব্যবস্থাপনাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বৈদেশিক কারিগরী সহায়তায় ৫০টি প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা হয়েছে;
- ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন এবং প্যাটেন্ট ডিজাইন ও ট্রেড মার্কস বিভাগের জন্য অটোমেশনসহ অফিস ভবন নির্মাণের পদক্ষেপ নেয়া হয়েছে।

### ২. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- এমটিবিএফ বরাদ্দ এবং পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত প্রকল্পের বছরওয়ারী বরাদ্দ চাহিদার মধ্যে পার্থক্য ;
- নির্ধারিত নীতিমালা অনুসরণপূর্বক নতুন প্রকল্প গ্রহণের প্রাক্কালে যথাযথ এপ্রাইজাল নিশ্চিতকরণ;
- প্রকল্প ব্যবস্থাপনায় দুর্বলতা ;
- প্রকল্পের কার্যক্রম টেকসইকরণ (Sustainability) এবং
- সমাপ্ত প্রকল্পের যথাযথ ফলোআপ।

### ৩. ভবিষ্যৎ পরিকল্পনা

- শিল্পের দ্রুত বিকাশ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণে প্রকল্প গ্রহণ, প্রক্রিয়াকরণ ও অনুমোদন এবং বাস্তবায়নের যথার্থতা নিশ্চিতকল্পে সেন্ট্রাল পলিসি প্রণয়ন;
- উদ্যোক্তার সাথে প্রকল্পের সংশ্লিষ্টতা যাচাইয়ের জন্য প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বিশ্লেষণে এমআইএস চালুকরণ;
- জাতীয় ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অথচ দক্ষতার ঘাটতি রয়েছে এমন সংস্থাসমূহকে ডিপিপি/টিপিপি প্রণয়নে সহায়তা প্রদান;
- বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প পরিদর্শন এবং এই বিভাগের প্রকল্পের সমস্যা/অগ্রগতি বিষয়ে সভা/সেমিনার আয়োজন।



## উপক্রমিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের ...জুন... মাসের ...২৫... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১:

শিল্প ও শক্তি বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

- ১.১ রূপকল্প (Vision): দেশে শিল্পের দ্রুত বিকাশ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ এবং জ্বালানী সরবরাহের নিশ্চয়তা।
- ১.২ অভিলক্ষ্য (Mission): শিল্পের দ্রুত বিকাশ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ, প্রক্রিয়াকরণ ও অনুমোদন এবং নীতি ও কৌশল প্রণয়নে সহায়তা প্রদান।
- ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):
- জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ
  - মাঠ পর্যায়ে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শন
  - প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতামত প্রদান
  - খসড়া এডিপি/আরএডিপি প্রণয়নে কার্যকর অংশগ্রহণ
  - প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ
- ১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:
- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
  - দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
  - তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
  - উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
  - আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন
- ১.৫ কার্যাবলি (Functions):
- (১) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে সেক্টরাল উন্নয়ন কর্মসূচী প্রণয়ন;
  - (২) সেক্টরাল পরিকল্পনার সাথে শিল্প ও শক্তি বিভাগের উন্নয়ন কর্মসূচীর সমন্বয়;
  - (৩) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণের লক্ষ্যে মূল্যায়ন (appraisal) এবং প্রকল্প অনুমোদনে সহায়তা প্রদান;
  - (৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার সাথে আলোচনাক্রমে এডিপি ও আরএডিপি প্রণয়নে সহায়তা প্রদান; এবং
  - (৫) সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা ও পরিকল্পনা নীতি প্রণয়নে সহায়তা প্রদান।



সেকশন-২:

শিল্প ও শক্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব** (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	ডিক্রিবিবহর ২০১৪-১৫	প্রকৃত* ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র [Sources(s) of data]
						২০১৭-১৮	২০১৮-১৯		

\*সাময়িক (Provisional) তথ্য

\*\*প্রকল্পের প্রভাব মূল্যায়ন/নিরূপণের বিষয়টি উপকারভোগীদের সাথে সরাসরি সংশ্লিষ্ট, যা মন্ত্রণালয় ও সংস্থা করে থাকে বা তাদের দায়িত্ব। প্রভাব সংক্রান্ত কার্যাদি পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনের আওতাভুক্ত নয়।

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম সম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন* ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭			প্রক্ষেপন ২০১৭-১৮	প্রক্ষেপন ২০১৮-১৯											
								অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%			চলতিমান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%									
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫									
<b>মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ</b>																							
১. জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন তরান্বিতকরণ	৪০	১.১ প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন	(১.১.১) প্রক্রিয়াকরণকৃত প্রকল্প	%	১২	৯৫%	৯৮%	৯০%	৮৫%	৮৫%	৮০%	৭৫%	৯৬%	৯৭%									
															১.২ পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি/এডিপি পর্যালোচনা সভায় যোগদান	(১.২.১) অংশগ্রহণকৃত সভা	সংখ্যা	৯	৬৪	৬০	৪৫	৬০	৬০
৩.১ প্রকল্প পরিদর্শন	(৩.১.১) পরিদর্শনকৃত প্রকল্প	সংখ্যা	৮	৬০	৩০	২৫	২০	২০															
									৪.১ প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতামত প্রদান	৯	৪.১ ক্রয়প্রস্তাব ও ঋণচুক্তি সহ অন্যান্য বিষয়ে মতামত প্রদান	সংখ্যা	৭	১২	১২	১২	১২	১২	১২	১২	১২		
৫.১ জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ	১০	৫.১ সংসদে প্রকল্পের প্রেরণ	কার্যদিবস	৩	৯ দিন	৯ দিন	৬ দিন	৫ দিন														৫ দিন	৫ দিন
									৫.২ যুগ্মকল্প ২০২১, এসডিজি, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও অন্যান্য কৌশলগত দলিল ও নীতির সাথে সামঞ্জস্যকরণ।	১০	৫.২ সংসদে প্রকল্পের প্রেরণ	কার্যদিবস	৩	১০ দিন	১০ দিন	১০ দিন	১০ দিন	১০ দিন	১০ দিন	১০ দিন	১০ দিন		



দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ  
(মোট মান-২০)

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	কলাম-৫ একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ মাস্যসম্পন্ন মান -২০১৬-১৭					
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)	
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন হুক্তি বাস্তবায়ন	৬	২০১৬-১৭ অর্ধবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন হুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া হুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১০০%*	১০০%	১০০%	১০০%	৬০%	
		মাঠপর্যায়ের কার্যালয়সমূহের মধ্যে ২০১৬-১৭ অর্ধবছরের বার্ষিক কর্মসম্পাদন হুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে হুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	২৬-৩০ জুন	-	-	-	-	-
		২০১৫-১৬ অর্ধবছরের বার্ষিক কর্মসম্পাদন হুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	১৪ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই	২০ জুলাই
		২০১৬-১৭ অর্ধবছরের বার্ষিক কর্মসম্পাদন হুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-	-
		২০১৬-১৭ অর্ধবছরের বার্ষিক কর্মসম্পাদন হুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	২২ জানুয়ারি	২৩ জানুয়ারি	২৪ জানুয়ারি	২৫ জানুয়ারি	২৬ জানুয়ারি	২৬ জানুয়ারি
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	বার্ষিক কর্মসম্পাদন হুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান	বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১	৩	২	১	-	-	
		সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়*	জনঘণ্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০	
		জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৬-১৭ অর্ধবছরের শূদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-	
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-	
		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর	
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত	তারিখ	১	২৮ ফেব্রুয়ারি	৩০ মার্চ	৩০ এপ্রিল	৩১ মে	২৯ জুন	
		পিতারএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিতারএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিতারএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিতারএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	%	১	১০০	৯০	৮০	-	-	

\* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্তর্ভুক্ত প্রশিক্ষণের সময় প্রদান করা হবে।



কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	কলাম-৫ একক (Unit)	কলাম-৬ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৭ লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
		সেবা প্রক্রিয়ায় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কর্মপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	১০০%	১০০%	৮০%	৯০%	৬০%
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	১০০%	১০০%	৮০%	৯০%	৬০%
কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অফিস ভবন ও আকিনা পরিষ্কার রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আকিনা পরিষ্কার	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবর্তনের ব্যবস্থা চালু করা	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
			বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৮৫	৮০	৩৫	৩০

আমি, সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন - মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সচিব, পরিকল্পনা বিভাগের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন- এর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাঙ্গক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



সদস্য  
শিল্প ও শক্তি বিভাগ  
পরিকল্পনা কমিশন

২৬/১/২০১১

তারিখ



২৬/১/২০১১

সচিব  
পরিকল্পনা বিভাগ

২৬/১/২০১১

তারিখ

শব্দসংক্ষেপ (Acronyms)

১।	মেঃওঃ	-	মেগাওয়াট
২।	মে.টন	-	মেট্রিক টন
৩।	কেভি	-	কিলোভোল্ট
৪।	বিএমআরই	-	Balancing Modernization, Rehabilitation and Expansion
৫।	কেজিডিসিএল	-	কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।